

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-২১/মূসক/২০২০

তারিখঃ ২৩ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পায়রা বন্দরের “রাবানাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং” শীর্ষক জাতীয় অগ্রাধিকার প্রকল্পে (পিপিপি প্রকল্প) Dredging এবং Sub-Contractor এর অনুকূলে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, নির্মাণাধীন পায়রা বন্দর দেশের একটি গুরুত্বপূর্ণ সমুদ্র বন্দর এবং সরকারের Fast Track ভুক্ত প্রতিষ্ঠান এবং পায়রা বন্দরকে একটি গভীর সমুদ্র বন্দরে রূপান্তর করিতে হইলে ড্রেজিং এর মাধ্যমে রাবানাবাদ চ্যানেলকে কমপক্ষে ১০.৫ মিটার ড্রাফটের জাহাজ চলাচল উপযোগী করা আবশ্যিক। সেই লক্ষ্যে পিপিপি ভিত্তিতে ক্যাপিটাল এন্ড মেইনটেনেন্স ড্রেজিং সম্পাদনের জন্য বেলজিয়ামভিত্তিক কোম্পানী Jan De Nul এর পক্ষে Payra Dredging Company Limited (PDCL) এবং বাংলাদেশ সরকারের পক্ষে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন পায়রা বন্দর কর্তৃপক্ষের মধ্যে চুক্তি সম্পাদিত হইয়াছে; এবং

যেহেতু, পিপিপি চুক্তির আওতায় পায়রা বন্দরের ক্যাপিটাল এন্ড মেইনটেনেন্স ড্রেজিং কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান Payra Dredging Company Limited (PDCL) এবং এর Sub-Contractor এবং ড্রেজিং কাজ সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহকারী দেশীয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়টি ফাস্ট ট্র্যাকভুক্ত এই প্রকল্পের জন্য বিবেচনা করা যায়;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, পিপিপি চুক্তির আওতায় পায়রা বন্দরের ক্যাপিটাল এন্ড মেইনটেনেন্স ড্রেজিং কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান Payra Dredging Company Limited (PDCL) এবং এর Sub-Contractor এবং ড্রেজিং কাজ সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহকারী দেশীয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

স্বাক্ষরিত
১১/১১/২০২০

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

Rhagan

০৮/১১/২০২০

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৭.১৬/ ৪০৭ (১৭)

তারিখঃ ০৮ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২-৪। সদস্য (মুসক নীতি)/ (মুসক বাস্তবায়ন ও আইটি)/ (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ✓ ১৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ১৮। CEO, Public Private Partnership Authority (PPP), 1st Floor, NGO Affairs Bureau Bhaban,
Plot: E-13 B Agargaon, Shere Bangla Nagar, Dhaka-1207.
- ১৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২০। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

Rhasan
০৮/১১/২০২০

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com